## সি ডিভিশন লীগ ফুটবল

# অভিষেক ম্যাচে জয় দিয়ে অভিযান শুরু ইকফাইর

**ইকফাই এফসি ঃ ২** (নিতাই, সচলং)
**ওরিয়েন্টাল ক্লাব ঃ ১** (প্রণয়ন)

**ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১৫ জুন ঃ** জয় দিয়েই ঘরোয়া সি ডিভিশন ক্লাব লীগ ফুটবল আসরে অভিযান শুরু করলো ইকফাই এফসি। বৃহস্পতিবার উমাকান্ত মিনি স্টেডিয়ামে টুর্নামেন্টের উদ্বোধনী ম্যাচে ইকফাই এফসি ২-১ গোলে বিলোনীয়ার ওরিয়েন্টাল ক্লাবকে হারায়। তবে ম্যাচ হারলেও ওরিয়েন্টাল ক্লাব কিন্তু খুব একটা খারাপ ফুটবল খেলেনি এ দিন। দুর্ভাগ্য, পেনাল্টি হাতছাড়া না হলে ম্যাচের ফলাফল অন্যরকমও হতে পারতো। তবে সি ডিভিশনে এবার নবাগত এই দুটো টিমই উদ্বোধনী ম্যাচে চমৎকার ফুটবল খেলা উপহার দিল তা বলা যায়। ম্যাচে ইকফাই ফুটবল ক্লাবের পক্ষে নিতাই সরকার ও সচলাং জমাতিয়া গোল করেন। অন্যদিকে ওরিয়েন্টাল ক্লাবের হয়ে একমাত্র গোলটি করেন প্রণয়ন দত্ত। উমাকান্ত মাঠে এদিন সি ডিভিশন লীগ ফুটবলের উদ্বোধন করেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার। ছিলেন টিএফএর সভাপতি প্রণব সরকার ও সচিব অমিত চৌধুরী প্রমুখ। এ দিন নির্ধারিত সময়ে ম্যাচ শুরু না হওয়ায় খেলা শেষ হতে প্রায় অন্ধকার হয়ে যায়। আলোর খানিকটা অভাব দেখা যায় শেষদিকে। ফলে নির্ধারিত সময়ে ম্যাচ শুরু করা না গেলে পরে সমস্যা তৈরি হতে পারে। ১২টি দলকে দুটি গ্রুপে ভাগ করে সিঙ্গল লীগ ভিত্তিতে খেলানো হচ্ছে। দুই গ্রুপের চ্যাম্পিয়ন দলকে নিয়ে পরবর্তী সময় ফাইনাল হবে। যেখানে চ্যাম্পিয়ন ও রানার্স দুটো টিম আগামী বছর বি ডিভিশনে খেলার যোগ্যতা অর্জন করবে। ১২টি টিমের মধ্যে এবার নতুন টিম রয়েছে তিনটি। আরেকটি হলো জম্পুইজলা প্লে সেন্টার।

এ দিন নবাগত দুই টিম ইকফাই এফসি ও ওরিয়েন্টাল ক্লাব উদ্বোধনী ম্যাচে মুখোমুখি হয়। প্রথম থেকেই দুটো টিম যথেষ্ট ভালো এবং অ্যাটাকিং ফুটবল খেলে গেছে। এর মধ্যে ১৭ মিনিটে কাউন্টার অ্যাটাক থেকে ম্যাচে প্রথম গোল করে নেয় ইকফাই এফসি। দুরন্ত শটে গোল করে নিতাই সরকার।

৩০ মিনিটে গোল পরিশোধ করার সুযোগ পেয়েছিল ওরিয়েন্টাল ক্লাব। তবে ফাঁকা বক্সে বল পেয়েও গোল করতে পারেনি তারা। একইভাবে ৪৪ মিনিটে পেনাল্টি থেকে গোল করার সুযোগ নষ্ট করে ওরিয়েন্টাল ক্লাব। পেনাল্টি থেকে শিবশংকর জমাতিয়ার নেওয়া শট বল পোস্টের বাইরে চলে যায়। ম্যাচের দ্বিতীয়ার্ধে ৬৬ মিনিটে পেনাল্টি থেকে গোল করে ব্যবধান বাড়িয়ে নেয় ইকফাই এফসি। পেনাল্টি থেকে গোল করে সচলং জমাতিয়া। ২-০ গোলে এগিয়ে যায় ইকফাই টিম। শেষে ৭২ মিনিটে কাউন্টার অ্যাটাক থেকে গোল করে ব্যবধান কমিয়ে আনে ওরিয়েন্টাল ক্লাব। গোল করেন প্রণয়ন দত্ত। ম্যাচের বাকি সময় দুদলের মধ্যে তীব্র লড়াই চলে। তবে কোনও দলই আর গোল করতে পারেনি। রেফারি বিশ্বজিৎ দাস।

**দিনের খেলা ঃ**
স্কাইলার্ক ও উমাকান্ত কোচিং সেন্টার।
সময় সকাল ৮টা (উমাকান্ত মাঠ)।

Dainik Sambad
dt. 16.06.2023
14×12 cm

# Third Division Football begins




**Times Sports**

**Agartala, June 15:** Last minute changes. Former footballer Partha Biswas was supposed to kick off third division football.

But as he did not agree to come to the field at the last minute, another former footballer Raju Lama kicked off instead of Pertha on Thursday afternoon at Umakanta Mini Stadium.

Mayor Deepak Majumder inaugurated the event organized by the State Football Association. State Football Association President Pranab Sarkar, Secretary Amit Chowdhury and other dignitaries were present. After hoisting the flag, the guests got acquainted with the footballers of the two teams.

The opening match was between Belonia Oriental Club and Ikfai Football Club. Ikfai Football Club won 2-1.

Tripura Times
dt. 16.06.2023
15×12 cm

# জয় দিয়ে শুরু করলো ইকফাই

প্রতিবাদী কলম ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১৫ জুন ঃ শুরু হলো টিএফএ পরিচালিত তৃতীয় ডিভিশন ফুটবল। উদ্‌বোধনী দিনে দুই নবাগত দল কামালঘাটের ইকফাই এফসি এবং বিলোনিয়ার ওরিয়েন্টাল ক্লাব পরস্পরের মুখোমুখি হয়। শেষ বিকালের তীব্র গরমেও দুই দলের নবাগত ফুটবলাররা আকর্ষণীয় লড়াই উপহার দিলো। ফুটবল বর্তমানে এমন একটা খেলা যেখানে ক্যারিয়ার গড়ার সম্ভাবনা খুব কম রয়েছে। বলা যায়, ভারত হয়ে উঠেছে ক্রিকেটের দেশ। তারপরও বলা যায়, জনপ্রিয়তার নিরীখে এখনও দেশের এক নম্বর খেলা ফুটবল। গ্রাম-পাহাড়ে এখনও বিকাল হলে একটি বল নিয়ে ছেলেরা মাঠে নেমে পড়ে। এদের মধ্যে লুকিয়ে থাকে অনেক সুপ্ত প্রতিভা। দুর্ভাগ্য, এসব সুপ্ত প্রতিভা চিহ্নিত হয় না। একটা সময় মনের টানে খেলতে খেলতে কর্মজীবনে প্রবেশ করে এবং খেলা থেকে হারিয়ে যায়। ফুটবল যদি আজ সরকারি পৃষ্ঠপোষকতা পেতো, বেসরকারি প্রতিষ্ঠানগুলি এগিয়ে আসতো তাহলে চিত্রটা অন্যরকম হতো। শহরের বাইরের দুইটি দলে এক ঝাঁক অনামি ফুটবলাররা এদিন যে লড়াই উপহার দিয়েছে তা রীতিমত প্রশংসনীয়। বেশ কয়েকজন ফুটবলার নজর কেড়ে নিয়েছে। আসর যত গড়াবে ততই তাদের প্রতিভা সামনে আসবে। টিএফএ'র সৌজন্যে এবার শহরের বাইরের ক্লাবগুলি তৃতীয় ডিভিশনে খেলার সুযোগ পেয়েছে। নিঃসন্দেহে রাজ্যের ফুটবলের বিকেন্দ্রীকরণের বড় সহায়ক। তবে টিএফএ কতদিন এটা চালিয়ে যেতে পারবে এটাই আসল কথা। কারণ একটি পরিকল্পনা গ্রহণ করা আর তার সঠিক এবং বিজ্ঞানসম্মত বাস্তবায়ন কিছুটা কঠিন। এখানেও অর্থ কিন্তু ফ্যাক্টর হয়ে যাবে। শুধুমাত্র প্রতিযোগিতা শেষ করার তাগিদ থাকলে কোন লাভ হবে না। প্রথম ম্যাচে এদিন ইকফাই এফসি এবং ওরিয়েন্টাল ক্লাব এটা বুঝিয়ে দিলো যে, প্রতিভার অভাব নেই। শুধু পাহাড় নয়, সমতলেও বাচ্চা ছেলেদের সেরা পছন্দ ফুটবল। উমাকান্ত মিনি স্টেডিয়ামে আসরের উদ্‌বোধনী ম্যাচে এদিন ইকফাই এফসি ২-১ গোলে হারিয়ে দিলো ওরিয়েন্টাল ক্লাবকে। দুই দলের কাছেই গোল করার বেশ কিছু সুযোগ এসেছে। রাজধানী শহরের অ্যাস্ট্রোটার্ফে প্রথমবার খেলতে নেমেও তাদের মধ্যে কোন জড়তা ছিল না। ফলে ম্যাচটি খুব উপভোগ্য হলো। ১৭ মিনিটে নিতাই সরকারের গোলে এগিয়ে যায় ইকফাই এফসি। এরপর গোল শোধের জন্য মরিয়া হয়ে ঝাঁপায় বিলোনিয়ার ওরিয়েন্টাল ক্লাব। তবে প্রথমার্ধে আর কোন গোল হয়নি। দ্বিতীয়ার্ধের ৬৬ মিনিটে সাচলং জমাতিয়া ইকফাই এফসি'র হয়ে দ্বিতীয় গোলটি করে। ২ গোলে পিছিয়ে থাকা ওরিয়েন্টাল ক্লাব এরপর মরিয়া হয়ে ঝাঁপায়। ৭২ মিনিটে প্রণয়ন দত্ত দলের হয়ে ১টি গোল শোধ করে। শেষ পর্যন্ত ২-১ গোলে জয় পায় ইকফাই এফসি। রেফারি বিশ্বজিৎ দাস ইকফাই এফসি'র রোমেল চাকমা এবং ওরিয়েন্টাল ক্লাবের রাজসাধন জমাতিয়া'কে হলুদ কার্ড দেখিয়েছেন। আগামীকাল সকাল আটটায় উমাকান্ত মিনি স্টেডিয়ামে উমাকান্ত সিসি বনাম স্কাইলার্ক পরস্পরের মুখোমুখি হবে।

Biatibadi Kalam Dt. 16-06-23 12x16 cm

# আত্মপ্রকাশে জয় দিয়ে শুরু করলো ইকফাই ফুটবল ক্লাব

স্টাফ রিপোর্টার ঃ ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া ফুটবল মরশুমে এদিনই আত্মপ্রকাশ ঘটেছিলো দুটি দলের। উত্তেজনাপূর্ণ লড়াইয়ে জয় দিয়ে নিজেদের অভিযান শুরু করলো ইকফাই ফুটবল ক্লাব। তারা ২-১ গোলে হারিয়ে দেয় ওরিয়েন্টাল ক্লাবকে। প্রথমার্ধে বিজয়ী দল ১-০ গোলে এগিয়ে ছিলো।

উমাকান্ত মিনি স্টেডিয়ামে বৃহস্পতিবার শুরু হয় তৃতীয় ডিভিশন ফুটবল লিগ। সংক্ষিপ্ত উদ্বোধনী অনুষ্ঠান শেষে শুরু হয় ম্যাচ। শুরু থেকেই উভয় দল নিজেদের অর্ধ থেকে পরিকল্পিত আক্রমণে যাওয়ার চেষ্টা করে। মাঝমাঠে তুলনামূলকভাবে কিছুটা এগিয়ে ছিলো ইকফাই দল। ম্যাচের ১৭ মিনিটে প্রথম গোল পেয়ে যায় ইকফাই। প্রাপ্য সুযোগকে কাজে লাগায় নিতাই সরকার। পিছিয়ে পড়ে ম্যাচে ঘুরে দাঁড়াতে চেষ্টা চালায় ওরিয়েন্টাল। কয়েকটি সুযোগ তৈরি করলেও দুর্বল



ফিনিশিং'র কারণে গোলের মুখ খুলতে পারেনি।

বিরতির পর ব্যবধান বাড়াতে তৎপর হয়ে উঠে ইকফাই। বেশ কয়েকটি গোল করার মতো সুযোগ তারা তৈরি করে। শেষ পর্যন্ত ৬৬ মিনিটে সাচলাং জমাতিয়া গোল করে ব্যবধান বাড়ায় ২-০। ২ গোলে পিছিয়ে পড়ে হাল ছাড়েনি ওরিয়েন্টাল। বিক্ষিপ্ত আক্রমণকে কাজে লাগাতে তারা চেষ্টা করে। ৭২ মিনিটে প্রণয়ন দত্ত গোল করে ব্যবধান কমায়। কিন্তু ম্যাচের বাকি সময়ে কোনো দলই আর গোলের মুখ খুলতে পারেনি। পরবর্তী ম্যাচগুলি যেমনই হোক না কেনো এদিন অন্তত উপভোগ্য ম্যাচ দিয়ে আসর শুরু হয়।

Aajker Fariyad Dt. 16-06-23 14x12 cm